

## বিমাকৃত নন?

নিউ ইয়র্ক রাজ্য ক্যানসার পরিষেবা কর্মসূচী (New York State Cancer Services Program),

উপযুক্ত, বিমাকৃত না হওয়া নিউ ইয়র্ক রাজ্যে

বসবাসকারীদের বিনামূল্যে কোলোরেকটাল

ক্যানসারের পরীক্ষার সুযোগ প্রদান করে।

**আপনার স্থানীয় CSP হল:**



আপনার নিকটবর্তী একটি প্রোগ্রাম

খুঁজে নেওয়ার জন্য আপনি

**1-866-442-2262**

তে কল করতে পারেন।

যদি বিমাকৃত না হন, তাহলে নিউ ইয়র্ক স্টেট অফ  
হেলথ (New York State of Health) এর মাধ্যমে

একটি স্বাস্থ্য পরিকল্পনায় তালিকাভুক্ত হওয়ার বিষয়ে

বিবেচনা করুন। আরও তথ্যের জন্য হেল্প লাইন,

**855.355.5777** তে কল করুন অথবা দেখুন:

**nystateofhealth.ny.gov**

## সম্পর্কে তথ্যসমূহ পান

# FIT

FIT এর সাহায্যে বাড়িতে  
কোলোরেকটাল ক্যানসারের জন্য  
পরীক্ষা করানো সহজ!



**Cancer Services  
Program**

স্বাস্থ্য বিভাগ (Department of Health) এর একটি প্রোগ্রাম



**Department  
of Health**



যদি আপনার বয়স 45 বছরের  
অধিক হয় তাহলে আপনার উচিত  
কোলোরেকটাল ক্যানসারের জন্য  
পরীক্ষা করিয়ে নেওয়া।

কোলোরেকটাল ক্যানসারের পরীক্ষা  
এবং FIT আপনার জন্য সঠিক পরীক্ষা  
কিনা সেই সম্পর্কে আপনার স্বাস্থ্য প্রযুক্ত  
প্রদানকারীকে জিজ্ঞাসা করুন!

## আপনি কি জানতেন?

- কোলোরেকটাল ক্যানসার (কোলোন ক্যানসার নামেও পরিচিত) হল ক্যানসারজনিত মৃত্যুর #2 কারণ, তবে নিয়মিত পরীক্ষা করানোর ফলে সেটি হতেই হবে এমন নয়।
- স্ক্রীনিং পরীক্ষাগুলি প্রাথমিক পর্যায়ে কোলোরেকটাল ক্যানসার আবিষ্কার করতে পারে যখন চিকিৎসা সর্বোৎকৃষ্ট ভাবে কাজ করে।
- পরীক্ষাগুলি বৃদ্ধি (পলিপগুলি) আবিষ্কার করতে পারে যাতে সেগুলি ক্যানসারে পরিণত হওয়ার আগেই অপসারিত করা যেতে পারে।
- কোলোরেকটাল ক্যানসার অথবা পলিপগুলি উপসর্গের কারণ নাও ঘটতে পারে। আপনার পরীক্ষা করানোর আগে, উপসর্গগুলির জন্য অপেক্ষা করবেন না।
- কোলোরেকটাল ক্যানসারের জন্য পরীক্ষা করানোর একাধিক পন্থা আছে। আপনি যে চিকিৎসায় নির্বাচন করুন না কেন, পরীক্ষা করিয়ে নেওয়াটিই হল সঠিক নির্বাচন।

## FIT কী?

**FIT** হল কোলোরেকটাল ক্যানসারের জন্য একটি মলভিত্তিক-পরীক্ষা যেটি বছরে একবার করা হয়।

**FIT** প্রসারিত রূপটি হল ফেকাল ইমিউনোকেমিক্যাল টেস্ট।

**FIT** করা হয় বাড়িতে এবং ডাকের মাধ্যমে একটি ল্যাবে পাঠানো হয়।

**FIT** মলে রক্তের উপস্থিতির অনুসন্ধান করে, যা ক্যানসারের একটি প্রাথমিক লক্ষণ হতে পারে।

## কেন FIT ব্যবহার করা হবে?

**FIT** হল করানোর জন্য নিরাপদ, ব্যয়সাধ্যতার অধীন এবং করা সহজ।

**FIT** আপনার গৃহের গোপনীয়তায় করা হয়।

**FIT** আপনাকে কাজের থেকে ছুটি নিতে হয় না, আপনার খাবারের কোনও পরিবর্তন করতে হয় না, অথবা ওষুধ খাওয়া বাদ দিতে হয় না।

## কোলোরেকটাল ক্যানসারের জন্য কাদের পরীক্ষা করানো উচিত?

- অধিকাংশ ব্যক্তিরই 45 বছর বয়সের পর পরীক্ষা করানো শুরু করা উচিত। কোলোরেকটাল ক্যানসার অথবা পলিপের একটি ব্যক্তিগত অথবা পারিবারিক ইতিহাস থাকা ব্যক্তিদের আগেই শুরু করা প্রয়োজন।

## যদি আমার ফল নেগেটিভ হয় তাহলে কী হবে?

- একটি নেগেটিভ ফলের অর্থ হল যে মলের মধ্যে কোনও রক্ত (ক্যানসারের একটি প্রাথমিক লক্ষণ) পাওয়া যায়নি।
- একটি FIT পরীক্ষা প্রত্যেক বছরেই করা উচিত, এমনকি নেগেটিভ হলেও।

## আমার ফলাফল পজিটিভ এলে কী হবে?

- যদি পরীক্ষা পজিটিভ হয়, তাহলে ক্যানসার, একটি পলিপ, অথবা রক্তপাতের অন্য কোনও কারণ আছে কিনা সেটি জানার জন্য একটি কোলোনোস্কোপি করার প্রয়োজন হবে।
- যখন প্রাথমিক পর্যায়ে কোলোরেকটাল ক্যানসার পাওয়া যায় এবং চিকিৎসা করা হয়, তখন সেটি সেরে যেতে পারে।
- যখন পলিপগুলিকে পাওয়া যায় এবং অপসারিত করা হয় তখন কোলোরেকটাল ক্যানসারের প্রতিরোধ করা যেতে পারে।